# 3 Yr. Degree/4 Yr. Honours 5th Semester Examination, 2025 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG5013 (MAJOR)

**(উনিশ শতকের নাট্যমঞ্চ এবং নাটক)**

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ২×১০=২০

(ক) প্রসন্নকুমার ঠাকুরের উদ্যোগে প্রতিষ্ঠিত নাট্যমঞ্চটির নাম উল্লেখ করো। ওই রঙ্গমঞ্চে প্রথম কোন নাটক অভিনীত হয়েছিল?

(খ) সাতুবাবুর বাড়ির নাট্যশালার প্রধান স্থপতি ছিলেন তাঁর দুই দৌহিত্র। — এঁদের দুজনের নাম কী?

(গ) 'বিদ্যোৎসাহিনী রঙ্গমঞ্চ'-এর প্রতিষ্ঠাতা কে ছিলেন? কত সালে এটি প্রতিষ্ঠিত হয়?

(ঘ) 'ন্যাশনাল থিয়েটার' কবে প্রতিষ্ঠিত হয়? ওই রঙ্গমঞ্চে প্রথম দিন কোন নাটক অভিনীত হয়?

(ঙ) বাঙালির থিয়েটারে প্রথম নিজস্ব স্থায়ীমঞ্চ ও প্রেক্ষাগৃহ কোন থিয়েটারে তৈরি হয়? এই টাকা কীভাবে সংগৃহীত হয়?

(চ) 'গ্রেট ন্যাশনাল থিয়েটার' কত সালে প্রতিষ্ঠিত হয়? গ্রেট ন্যাশনাল থিয়েটারে প্রথম দিনে কোন নাটক অভিনীত হয়েছিল?

(ছ) নাট্য নিয়ন্ত্রণ আইন কী?

(জ) 'মিনার্ভা থিয়েটার'-এর প্রতিষ্ঠাতা কে ছিলেন? এটি কবে প্রতিষ্ঠিত হয়?

(ঝ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসন কোন সময়, কোন নাট্যশালার জন্য লিখিত হয়?

(ঞ) "জেন্টেলম্যেন, তোমাদের মেয়েদের এজুকেট কর" — 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে এই উক্তির বক্তা কে? বক্তা এখানে আর কী আবেদন রেখেছেন?

(ট) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে নবকুমারের স্ত্রী ও ভগ্নীর নাম কী কী?

(ঠ) 'বৈষ্ণব বেটাদের দুই-একখানা পুঁথি'– হিসেবে 'একেই কি বলে সভ্যতা?' নাটকে নবকুমার কোন দুই গ্রন্থের নাম উল্লেখ করেছেন?

(ড) 'নীলদর্পণ' নাটকে গোলোকনাথ বসুর কয়টি পুত্র? তাদের নাম লেখো।

(চ) নীলকর সাহেবদের অত্যাচার ও নীলচাষিদের দুঃখদুর্দশার বর্ণনা প্রকাশিত হয়েছিল— তৎকালীন যুগের এমন এক সংবাদপত্র ও তার সম্পাদকের নাম লেখো।

(ণ) 'নীলদর্পণ' নাটকে রোগসাহেবের হাত থেকে কে কে ক্ষেত্রমণিকে বাঁচায়?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ৫×৪=২০

(ক) বাংলাদেশের নাট্যশালার ইতিহাসে 'বেলগাছিয়া নাট্যশালা'র গুরুত্ব সংক্ষেপে লেখো।

(খ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে 'ন্যাশনাল থিয়েটার'-এর বৈশিষ্ট্য ও অভিনবত্ব আলোচনা করো।

(গ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে 'স্টার থিয়েটার'-এর প্রথম পর্যায়ের (বিডন স্ট্রিট) গুরুত্ব আলোচনা করো।

(ঘ) 'একেই কি বলে সভ্যতা?' নাটকে 'জ্ঞানতরঙ্গিণী সভা'-র কার্যাবলি ব্যাখ্যা করো।

(ঙ) "ও ঝ্যামন কুকুর মুই তেমন মুগুর, সমিন্দির ঝ্যামন চাবালি, মোর তেম্‌নি হাতের পোঁচা"— বক্তা কে? প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এমন মন্তব্যের কারণ নির্দেশ করো।

(চ) 'নীলদর্পণ' নাটকে পদীময়রানী চরিত্রটি সম্পর্কে আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ১০×২=২০

(ক) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে 'সখের নাট্যশালা'-র ঐতিহাসিক মূল্য ও প্রভাব সম্পর্কে আলোচনা করো।

*অথবা,*

বাংলা নাট্যশালার প্রথম যুগে লেবেডফের 'বেঙ্গলী' থিয়েটারের ঐতিহাসিক গুরুত্ব আলোচনা করো।

(খ) প্রহসন হিসেবে 'একেই কি বলে সভ্যতা?'-র সার্থকতা বিষয়ে তোমার মতামত দাও।

*অথবা,*

'নীলদর্পণ' নাটকের সংলাপ রচনায় দীনবন্ধু মিত্রর কৃতিত্ব আলোচনা করো।

———